**গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার**
প্রত্নতত্ত্ব অধিদপ্তর
এফ-৪/এ, আগারগাঁও প্র/এ
শেরেবাংলা নগর, ঢাকা-১২০৭।
www.archaeology.gov.bd
director_general@archaeology.gov.bd

স্মারক:৪৩.২৩.০০০০.১২৩.১১.০০১.১৮- /২৪৬২

ঢাকা, তারিখ : ২০ কার্তিক, ১৪২৫ বঙ্গাব্দ / ০৪ নভেম্বর, ২০১৮ খ্রিস্টাব্দ

## নিয়োগ বিজ্ঞপ্তি

প্রত্নতত্ত্ব অধিদপ্তরের রাজস্ব খাতভুক্ত নিমণবর্ণিত বিভিন্ন গ্রেডের স্থায়ী শূন্যপদ অস্থায়ী ভিত্তিতে পূরণের জন্য বাংলাদেশের নাগরিকদের নিকট থেকে নির্ধারিত ফরমে দরখাস্ত আহবান করা যাচ্ছে।

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল | গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত ও অন্যান্য যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১. | গবেষণা সহকারী / সহকারী কাস্টোডিয়ান ১২৫০০-৩০২৩০/- | ১১তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে প্রত্নতত্ত্ব, জাদুঘরবিদ্যা, ইতিহাস, ইসলামের ইতিহাস ও সংস্কৃতি, ভূগোল, ভূতত্ত্ব, নৃতত্ত্ব, আরবি, ফার্সি, সংস্কৃত এর যে কোনো একটিতে স্নাতকোত্তর ডিগ্রিধারী।<br>খ) প্রত্নতত্ত্ব বা ইতিহাসে স্নাতকোত্তর ডিগ্রিধারীসহ আরবি, ফার্সি অথবা সংস্কৃত ভাষায় পারদর্শী অগ্রগণ্য। |
| ২. | প্রকাশনা সহকারী ১১০০০-২৬৫৯০/- | ১৩তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যুনতম স্নাতক বা সমমানের<br>খ) ডিগ্রিধারী। প্রুফ রিডিং এবং পুস্তক সংকলনে ৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৩. | গ্রন্থাগারিক / গ্রন্থাগারিক কাম কাস্টোডিয়ান ১১০০০-২৬৫৯০/- | ১৩তম | ০২টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিধারী।<br>খ) গ্রন্থাগার বিজ্ঞানে ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্সধারী হতে হবে।<br>গ) সার্টিফিকেট কোর্সধারীদের ক্ষেত্রে গ্রন্থাগার ব্যবস্থাপনায় ২ বছরের অভিজ্ঞতাসম্পন্ন হতে হবে। |
| ৪. | সাঁটলিপিকার কাম কম্পিউটার অপারেটর ১১০০০-২৬৫৯০/- | ১৩তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যুনতম স্নাতক বা সমমানের<br>খ) ডিগ্রিধারী।<br>গ) সাঁটলিপিতে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৭০ এবং বাংলায় ৪৫ শব্দ;<br>ঘ) কম্পিউটার টাইপিংয়ে সর্বনিমণ গতি প্রতি মিনিটে ইংরেজিতে ৩০<br>ঙ) এবং বাংলায় ২৫ শব্দ;<br>কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৫. | উচ্চমান সহকারী ১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০২টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যুনতম স্নাতক বা সমমানের ডিগ্রিধারী। |
| ৬. | সহকারী মডেলার ১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এইচ.এস.সি বা সমমানসহ অনুমোদিত ইন্সটিটিউট হতে মডেলিং-এ সনদপ্রাপ্ত।<br>খ) ফাইন আর্ট / মডেলিং-এ ডিপ্লোমাধারী অগ্রগণ্য। |
| ৭. | আলোকচিত্রকর ১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০২টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ন্যুনতম স্নাতক বা সমমানের<br>খ) ডিগ্রিধারী।<br>গ) ফটোগ্রাফি, ডেভেলপিং এবং প্রিন্টিং কাজে ০২ বছরের অভিজ্ঞতা; রঙিন ফটোগ্রাফি কাজে অভিজ্ঞতা অগ্রগণ্য। |
| ৮. | রসায়নাগার কারিগরী সহকারী ১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে রসায়নসহ বিজ্ঞানে ন্যুনতম স্নাতক ডিগ্রিধারী।<br>খ) বিশ্লেষণধর্মী কাজের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ৯. | সহকারী গ্রন্থগারিক কাম ক্যাটালগার ১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিধারী।<br>খ) **গ্রন্থাগার** বিজ্ঞানে ডিপ্লোমা / সার্টিফিকেট কোর্সধারী হতে হবে। |
| ১০. | অভ্যর্থনাকারী ১০২০০-২৪৬৮০/- | ১৪তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বিশ্ববিদ্যালয় হতে ২য় শ্রেণীর স্নাতক ডিগ্রিধারী।<br>খ) অনর্গল ইংরেজি ভাষায় কথা বলার যোগ্যতা।<br>গ) ইংরেজি ভাষায় পারদর্শীগণদের ক্ষেত্রে শিক্ষাগত যোগ্যতা শিথিলযোগ্য। |
| ১১. | গাড়ীচালক ৯৭০০-২৩৪৯০/- | ১৫তম | ০২টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে জে.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) বৈধ মোটর ড্রাইভিং লাইসেন্সধারী হতে হবে। |
| ১২. | অফিস সহকারী কাম কম্পিউটার মুদ্রাক্ষরিক ৯৩০০-২২৪৯০/- | ১৬তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এইচ.এস.সি বা সমমান পরীক্ষায়<br>খ) পাস।<br>কম্পিউটার টাইপিংয়ে সর্বনিম্ন গতি প্রতি মিনিটে ইংরেজিতে ২০ এবং বাংলায় ২০ শব্দ;<br>গ) কম্পিউটার প্রশিক্ষণ প্রাপ্ত; এবং<br>কম্পিউটারে word processing সহ ই-মেইল, ফ্যাক্স পরিচালনার দক্ষতা ও অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৩. | আলোকচিত্র মুদ্রাকর ৯৩০০-২২৪৯০/- | ১৬তম | ০৩টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এইচ.এস.সি বা সমমান পরীক্ষায়<br>খ) পাস।<br>ফটোগ্রাফি, ডেভেলপিং এবং প্রিন্টিং কাজে ০৩ বছরের অভিজ্ঞতা থাকতে হবে। |
| ১৪. | পটারী রেকর্ডার ৯৩০০-২২৪৯০/- | ১৬তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায়<br>খ) পাস।<br>প্রত্নবস্ত ও পটারীতে নাম্বারিং করার যোগ্যতা থাকতে হবে। |
| ১৫. | মার্কসম্যান ৯৩০০-২২৪৯০/- | ১৬তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায়<br>খ) পাস।<br>প্রত্নবস্ত ও পটারীতে নাম্বারিং করার যোগ্যতা থাকতে হবে। |
| ১৬. | ছাপার ভুল সংশোধক ৯৩০০-২২৪৯০/- | ১৬তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এইচ.এস.সি বা সমমান পরীক্ষায়<br>খ) পাস।<br>ছাপার ভুল সংশোধনের অভিজ্ঞতা সম্পন্নগণ অগ্রগণ্য। |
| ১৭. | ডুপ্লিকেটিং মেশিন অপারেটর ৯০০০-২১৮০০/- | ১৭তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যুনতম এস.এস.সি বা সমমান<br>খ) পরীক্ষায়পাস।<br>ফটোকপি মেশিন চালনায় এবং ডুপ্লিকেটিং মেশিন / এ্যামোনিয়া প্রিন্টিং মেশিন চালনায় অভিজ্ঞতা থাকতে হবে। |

| ক্রমিক নং | পদের নাম ও বেতনস্কেল | গ্রেড | পদ সংখ্যা | শিক্ষাগত যোগ্যতা |
|---|---|---|---|---|
| ১৮. | ক্যাশ সরকার<br>৯০০০-২১৮০০/- | ১৭তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) হিসাব সংক্রান্ত কাজ / টাইপিং-এ জ্ঞানসম্পন্ন অগ্রগণ্য। |
| ১৯. | জেনারেটর / ট্রান্সফরমার অপারেটর<br>৯০০০-২১৮০০/- | ১৭তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) যে কোনো অনুমোদিত ভোকেশনাল / ইন্সটিটিউট হতে ট্রেড কোর্স পাশ।<br>গ) ইলেকট্রিক কাজে অভিজ্ঞতা সম্পন্ন অগ্রগণ্য। |
| ২০. | রসায়নাগার পরিচারক<br>৮৮০০-২১৩১০/- | ১৮তম | ০২টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায় পাস। |
| ২১. | ডার্করুম পরিচারক<br>৮৫০০-২০৫৭০/- | ১৯তম | ০১টি | ক) কোনো স্বীকৃত বোর্ড হতে ন্যূনতম এস.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) ফটোপ্রিন্টিং / ডেভেলপিং কাজে অভিজ্ঞতা সম্পন্ন অগ্রগণ্য। |
| ২২. | অফিস সহায়ক<br>৮২৫০-২০০১০/- | ২০তম | ০৪টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যূনতম জে.এস.সি বা সমমান পরীক্ষায় পাস।<br>খ) সাইকেল চালনায় অভিজ্ঞতাসম্পন্ন অগ্রগণ্য। |
| ২৩. | পরিচ্ছন্নতা কর্মী<br>৮২৫০-২০০১০/- | ২০তম | ০১টি | ক) কোনো স্বীকৃত প্রতিষ্ঠান হতে ন্যূনতম পঞ্চম শ্রেণী বা সমমান পরীক্ষায়পাস। সুইপার সম্প্রদায়ভুক্ত হতে হবে। তবে হরিজন প্রার্থীদের জন্য শতকরা ৮০% পদ সংরক্ষিত থাকবে। হরিজন প্রার্থী পাওয়া না গেলে সাধারণ প্রার্থীদের দ্বারা পূরণ করা হবে। |
| | | সর্বমোট পদ- | ৩৩টি | |

শর্তাবলী :

১. পরীক্ষায় অংশগ্রহণের ইচ্ছুক ব্যক্তি http://DOA.teletalk.com.bd এই ওয়েবসাইটে আবেদনপত্র পূরণ করতে পারবেন। আবেদনের সময়সীমা নিম্নরূপ :

ক) Online-এ আবেদনপত্র পূরণ ও আবেদন ফি জমাদান শুরুর তারিখ ও সময় : ০৫/১১/২০১৮ খ্রিস্টাব্দ, সকাল- ১০.০০ টা।

খ) Online-এ আবেদনপত্র জমাদানের শেষ তারিখ ও সময় : ২৬/১১/২০১৮ খ্রিস্টাব্দ, বিকাল- ০৫.০০ টা।
উক্ত সময়ের মধ্যে User ID প্রাপ্তগণ Online-এ আবেদনপত্র Submit-এর সময় থেকে পরবর্তী ৭২ (বাহাত্তর) ঘন্টার মধ্যে এসএমএস এ পরীক্ষায় ফি জমা দিতে পারবেন।

২. Online আবেদন পত্রে প্রার্থী তাঁর স্বাক্ষর (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৮০ pixel) ও রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ x প্রস্থ ৩০০ pixel) স্ক্যান করে নির্ধারিত স্থানে Upload করবেন।

৩. আবেদনপত্র পূরণের বিস্তারিত নিয়মাবলী উল্লিখিত লিংকে পাওয়া যাবে।

৪. আবেদনকারীর বয়স ২৬-১১-২০১৮ তারিখ সর্বনিমণ ১৮ বৎসর এবং অনূর্ধ্ব ৩০ বছর হতে হবে। মুক্তিযোদ্ধা / শহীদ মুক্তিযোদ্ধাদের পুত্র-কন্যা ও শারীরিক প্রতিবন্ধী প্রার্থীদের য়স ৩২ বৎসর পর্যমত্ম শিথিলযোগ্য।

৫. নির্ধারিত শিক্ষাগত যোগ্যতার ক্ষেত্রে সংশ্লিষ্ট পরীক্ষার ফলাফল প্রকাশ অপেক্ষমান থাকলে উক্ত পরীক্ষায় অংশগ্রহণের সনদসহ আবেদন করা যাবে। তবে মৌখিক পরীক্ষার / স্বাক্ষাতকারের সময় পরীক্ষায় পাসের সনদপত্র দাখিল করতে হবে।

৬. এতিম প্রার্থীদের ক্ষেত্রে সমাজসেবা অধিদপ্তর নিয়ন্ত্রণাধীন রেজিস্টার্ড এতিমখানার নিবাসী হতে হবে এবং এতিমখানার নিবাসী সনদপত্র সংশ্লিষ্ট জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী অফিসার কর্তৃক প্রতিস্বাক্ষরিত হতে হবে। ক্ষুদ্র নৃগোষ্ঠীর ক্ষেত্রে জেলা প্রশাসক / উপজেলা নির্বাহী অফিসার বা উপযুক্ত কর্তৃপক্ষ কর্তৃক স্বাক্ষরিত সনদ থাকতে হবে। আনসার ভিডিপির ক্ষেত্রে ন্যূনতম ২১ দিনের প্রশিক্ষণ সনদ থাকতে হবে।

৭. পরীক্ষার ফি বাবদ ক্রমিক ১ থেকে ১৬ পর্যন্ত পদের জন্য টাকা- ১০০/- (একশত) এবং ক্রমিক ১৭ থেকে ২৩ পর্যন্ত পদের জন্য টাকা- ৫০/- (পঞ্চাশ) ১ নং লিংক-এ বর্ণিত নির্দেশ মোতাবেক জমা দিতে হবে।

৮. সরকারি, আধা-সরকারি এবং স্বায়ত্তশাসিত প্রতিষ্ঠানে কর্মরত প্রার্থীদেরকে স্ব-স্ব কর্তৃপক্ষের মাধ্যমে অনাপত্তি পত্রসহ আবেদন করতে হবে/ এক্ষেত্রে কোনো অগ্রিম কপি গ্রহণযোগ্য হবে না।

৯. পুলিশ কর্তৃক সত্যতা প্রতিপাদনে প্রার্থীর স্থায়ী ঠিকানা, দাখিলকৃত সনদপত্র, মুক্তিযোদ্ধা সনদপত্র, ড্রাইভিং লাইসেন্স (প্রযোজ্য ক্ষেত্রে) ও আবেদনপত্রে উল্লিখিত তথ্য ভুয়া / মিথ্যা প্রমাণিত হলে তাকে চাকরি থেকে বরাখাস্ত আইনানুগ ব্যবস্থা গ্রহণ করা হবে।

১০. প্রার্থীগণের বয়সের কোনোএফিডেভিট গ্রহণযোগ্য নয়। অসম্পূর্ণ বা ত্রুটিপূর্ণ আবেদনপত্র সরাসরি বাতিল বলে গণ্য হবে।

১১. কোটা সংক্রান্ত বিষয়ে সরকারের সর্বশেষ সিদ্ধান্ত অনুসরণ করা হবে।

১২. মৌখিক পরীক্ষার সময় আবেদনকারীকে প্রয়োজনীয় সকল সনদপত্রের মূলকপি প্রদর্শন করতে হবে।

১৩. নিয়োগের জন্য বাছাইকৃত ব্যক্তিকে সংশ্লিষ্ট নিয়োগ বিধি অনুযায়ী নির্ধারিত সময় পর্যন্ত শিক্ষানুবিশ স্তরে চাকরি করতে হবে।

১৪. নির্বাচনী পরীক্ষায়অংশগ্রহণের জন্য প্রার্থীদের কোনো টিএ/ডিএ বা অন্য কোনো ভাতা প্রদান করা হবে না।

১৫. কোনো কারণ দর্শানো ব্যতিরেকে নিয়োগকারী কর্তৃপক্ষ নিয়োগ বিজ্ঞপ্তির কার্যক্রম স্থগিত, সময় পরিবর্তন বা বাতিল করার ক্ষমতা সংরক্ষণ করেন। নিয়োগের ক্ষেত্রে সংশ্লিষ্ট কর্তৃপক্ষের সিদ্ধান্ত চূড়ান্ত বলে গণ্য হবে।

১৬. সময়ে সময়ে SMS এর মাধ্যমে সিদ্ধান্ত সমূহ অবহিত করা হবে।

স্বাক্ষরিত/

(মো. আলতাফ হোসেন)
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)
ফোন: ০২- ৯১০ ১৪ ৩০
ফ্যাক্স: ০২-৯১০ ৩৯ ১৮।